# এইচ এস সি ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র | বিষয় কোড: ২৫০

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | মান — ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.** ▶ মাওলানা আফজাল হোসেন একজন মুত্তাকি লোক। পিতৃকূলের দিক দিয়ে তিনি হোসাইন (রা.) এবং মাতৃকূলের দিক দিয়ে তিনি হযরত হাসান (রা.)-এর বংশধর। ১৫ বছর বয়সে তিনি পিতৃহারা হন। এর কিছুদিন পর তাঁর মাও ইন্তেকাল করেন। অলি দরবেশগণের সাহচার্য লাভের জন্য তিনি বিভিন্ন দেশ ভ্রমণ করেন। তিনি মসজিদ মাদ্রাসা ও খানকাহ প্রতিষ্ঠা করেন। তার হাতে দলে দলে লোক ইসলাম গ্রহণ করেন। তিনি অনেক গ্রন্থ রচনা করেন।

ক. তাসাউফ কাকে বলে? ১

খ. শরিয়ত ও তাসাউফের মধ্যে রয়েছে দেহ আত্মার সম্পর্ক। ব্যাখ্যা কর। ২

গ. মাওলানা আফজাল হোসেনের জীবন চরিত্র তোমার পাঠ্য বইয়ের উল্লিখিত কোন সুফি সাধকের চরিত্রের সাথে মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মাওলানা আফজাল হোসেনের কর্মকাণ্ডে ইসলাম প্রচারে কেমন ভূমিকা রাখবে বলে তুমি মনে কর? তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ জহির সাহেব একটি বিদেশি কোম্পানিতে কাজ করেন। অফিসে প্রবেশ করার পথে একজন অন্ধ লোককে কিছু টাকা দান করলেন। একজন খ্রীষ্টান কর্মকর্তা তার সাথে কাজ করেন। তিনি বললেন আপনাদের ধর্মীয় গ্রন্থের প্রতি আমাদের বিশ্বাস রয়েছে, তবে সর্বশেষ কিতাবের অনুসরণ ব্যতীত পরকালে তো মুক্তি সম্ভব নয়। সে বলল আমরা পূর্ব থেকে আমাদের কিতাব অনুসরণ করে আসছি। এ নিয়ে তাদের মাঝে আর কোনো কথা হয়নি। জহির সাহেব প্রতিদিন ফজরের নামাজ জামাতে আদায় করে বাসায় এসে কুরআন তিলাওয়াত করেন।

ক. আল কুরআনের সংজ্ঞা দাও। ১

খ. خَتَمَ اللهُ عَلٰى قُلُوبِهِمْ আয়াতাংশের ব্যাখ্যা কর। ২

গ. জহির সাহেবের কর্মকাণ্ডে তোমার পাঠ্যপুস্তকে উল্লিখিত কার চারিত্রিক বৈশিষ্ট্য ফুটে ওঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জহির সাহেবের সর্বশেষ কর্মটির ফলাফল তোমার পাঠ্যপুস্তকের আলোকে মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

৩.▶ শরীফ একটি ইসলামি রাষ্ট্রে বসবাস করে। সে রাষ্ট্রের প্রধান গভর্নর হিসাবে একটি প্রদেশে একজনকে পাঠান। রাষ্ট্রপ্রধান নবনিযুক্ত গভর্নরকে জিজ্ঞাসা করলেন, কিভাবে তুমি বিচার ফয়সালা করবে? তিনি জবাবে বললেন কুরআন ও হাদিসের ভিত্তিতে। উত্তরে বললেন যদি কুরআনও হাদিসে না পাও? জবাবে বললেন, তাহলে আমি আমার ব্যক্তিগত চিন্তা-ফিকির করে বিচার—ফয়সালা করব।

ক. ইজমা কাকে বলে? ১

খ. 'আমার উম্মত বিভ্রান্তির উপর একমত হবে না' হাদিসের অংশটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ইসলামি শরিয়তের কোন উৎসের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত গভর্নরের জবাব "তাহলে আমি আমার ব্যক্তিগত চিন্তা ফিকির করে বিচার ফয়সালা করব" উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৪.▶ ফরিদ সাহেব বাজার থেকে একটি বই কিনলেন যা এক ধরনের ওহি হলেও নামাজে তেলাওয়াত করা যায় না। তবে এতে ইসলামি আইন কানুন সম্পর্কে আলোচনা রয়েছে। তিনি তার ছেলেকে বইটি পড়তে দিলেন এবং বললেন, আগামীকাল থেকে তুমি ফিরুজের সাথে মিশবেনা কারণ সে খারাপ ছেলেদের সাথে মিশে এবং আমি তাকে নেশাও করতে দেখেছি। রাসূল (সা.) বলেছেন:

المرء على دين خليله فلينظر احدكم من يخالل-

ক. সুন্নাহ কী? ১

খ. المسلم اخو المسلم হাদিসাংশের ব্যাখ্যা করো। ২

গ. ফরিদ সাহেবের ক্রয়কৃত পুস্তকটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. ছেলের উদ্দেশ্যে উদ্ধৃত হাদিসটির যথার্থতা তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫.▶ মুখে ঈমানদারসুলভ কথা বললেও জিন্নুর নানা ধরনের অন্যায় কাজের সাথে জড়িত। যে গোপনে ইসলামের বিরুদ্ধে বিভিন্ন ষড়যন্ত্রমূলক কাজ করে থাকে। আবার প্রকাশ্য নিজেকে একজন খাঁটি মুসলিম হিসাবে প্রকাশ করেন।

ক. শানে নুযুল কি? ১

খ. কুরআনকে সর্বশ্রেষ্ঠ সাহিত্য বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. জিন্নুরের কর্মকাণ্ডের সাথে কাদের মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. দুনিয়া ও আখিরাতে জিন্নুরের পরিণতি সূরা বাকারার আলোকে বিশ্লেষণ কর। ৪

৬.▶ কবির সাহেব একজন ধর্মপ্রাণ মুসলিম। প্রতি রমজান মাসে তিনি সম্পদের হিসাবনিকাশ করে অসহায় মানুষদের মাঝে দান করেন। তার ছেলে তা দেখে বাবার কাছে জানতে চাইল বাবা কেন এ কাজ করেন। উত্তরে কবির সাহেব বললো, দারিদ্রতা

https://teachingbd24.com

দূর করার জন্য আমি এ কাজ করি এবং এটা তাদের হক। তখন তার ভাই জহির বলল এটি অযথা।

ক. মৌলিক ইবাদত কি? ১
খ. যাকাত সম্পদের প্রবৃদ্ধি ঘটায়। বুঝিয়ে লিখো। ২
গ. উদ্দীপকে কবির সাহেবের দান করা পাঠ্যবইয়ের কোন বিষয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দারিদ্র্যে বিমোচনে কবির সাহেবের প্রচেষ্টা কতটুকু সহায়ক? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

৭. ▶ জনাব মহসিন সাহেব একজন বিশিষ্ট ইসলামি শিক্ষাবিদ। তিনি এক আলোচনা সভায় বললেন, পৃথিবীতে মানুষের মধ্যে এমন এক জাতি আছে যাদেরকে আল্লাহ তায়ালা অসংখ্য অগণিত নেয়ামত দান করেছেন। তাদের বিশ্ববাসীর উপর শ্রেষ্ঠত্ব দিয়েছেন, তাদের বংশে অনেক নবী ও রাসূল পাঠিয়েছেন। কিন্তু তারা আল্লাহর নেয়ামত ভুলে নাফরমানিতে লিপ্ত হয়েছে। সত্যকে গোপন করেছেন। সত্য ও মিথ্যা মিশ্রণ করেছে।

ক. মাদানী সূরা কাকে বলে? ১
খ. কাতিবে ওহি বলতে কী বোঝ? ২
গ. জনাব মহসিন কোন জাতির কথা বলেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব মহসিন সাহেব যে জাতির কথা বলেছেন সেই জাতির পরিণতি বিশ্লেষণ কর। ৪

৮. ▶ নজরুল ইসলাম একজন জন হিতৈষী ও সমাজ সেবক। তিনি অসহায় লোকদের সাহায্য করেন। কেউ অসুস্থ হলে দেখতে যান এবং চিকিৎসার ব্যবস্থা করেন। সবার সাথে ভালো আচরণ করেন। গাছপালা ও পশু-পাখির যত্নের ব্যাপারে সচেতন। অপরদিকে তাঁর ছোটভাই আলতাফ হোসেন এ ব্যাপারে খুবই উদাসীন যে নিজেকে নিয়েই সর্বদা ব্যস্ত।

ক. হজ্জ কাকে বলে? ১
খ. নিশ্চয়ই সালাত অশালীন ও অন্যায় কাজ থেকে বিরত রাখে। ব্যাখ্যা কর। ২
গ. জনাব নজরুল ইসলামের কর্মকাণ্ডে কোন ধরনের ইবাদত পালিত হয়েছে। ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত আলতাফ হাসেনের কর্মকাণ্ডে বিশ্লেষণ কর। ৪

৯. ▶ নাজির ইসলাম শিক্ষায় বিষয়ে অনার্স করছে। যে অধ্যয়নরত বিষয়টিতে কুরআন, হাদিস, ইজমা ও কিয়াসের মাধ্যমে ইসলামি মাসয়ালাগুলো সম্পর্কে জ্ঞান অর্জন করতে

https://teachingbd24.com

পারছে। তাঁর বিভাগের দু'জন শিক্ষকের মধ্যে বিভিন্ন মাসয়ালা নিয়ে মত পার্থক্য রয়েছে। এ ক্ষেত্রে নাজির মদীনাবাসী ইমামদের অনুসরণ করেন।

ক. মাযহাব مذهب শব্দের অর্থ কী? ১

খ. মাযহাব কয়টি ও কী কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত দুজন শিক্ষক কোন মাযহাবের অনুযায়ী? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত নাজির কোন মাযহাবের অনুসারী? ব্যাখ্যা কর। ৪

১০.▶ রফিক সাহেব একজন ধার্মিক ব্যক্তি। সব কাজে তিনি আল্লাহকে এমনভাবে ভয় করে চলেন যেন জাহান্নামের আগুন তার জন্যই সৃষ্টি হয়েছে। তাই তিনি দুনিয়াবিমুখ এবং দুনিয়ায় চাকচিক্যকে তুচ্ছ মনে করেন। তিনি মনে করেন তাসাউফ ইসলামের অঙ্গ।

ক. মুসলিম জাহানের দুর্দিনের স্বর্গ কোনটি? ১

খ. === ২

গ. রফিক সাহেবের চরিত্রে কোন সুফির বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. রফিক সাহেবের মনোভাবর স্বার্থকতা মূল্যায়ন কর। ৪

১১.▶ মিজান একজন পরহেজগার যুবক। আদনান তাঁর ঘনিষ্ঠ বন্ধু। দুজন একসাথে চলতে গিয়ে লটারি বিক্রয়রত গাড়ী থেকে ১০ টাকা মূল্যের দুটি টিকিট কিনল, একটি নিজের এবং আরেকটি মিজানকে দিল। লটারি ড্র হলে মিজান একটি মোটর সাকেল পুরস্কার পেল। আদনান মিজানকে ৫০,০০০ টাকা দিয়ে মোটর সাইকেলটি নিজেই নিয়ে নিল। মিজানের লটারি ও মোটর সাইকেল পাওয়ার খবর জানাজানি হলে মিজানের মক্তব শিক্ষক তাকে ডেকে লটারিকে নিষিদ্ধ কাজ বলে আখ্যায়িত করেন এবং নিম্নোক্ত আয়াতটি তিলাওয়াত করেন:

انما اخمر والميسر والانصاب والازلم رجس من عمل الشيطان فاجتنبوه لعلكم تفلحون-

অতঃপর মিজান টাকাগুলো আদনানর নিকট ফেরত দিল এবং তাকেও মোটর সাইকেলটি ফেরত বা দান করে দিতে বলল। তখন আদনান বলল "তুমি অতিরিক্ত ধার্মিকতা দেখাচ্ছো।"

ক. কিয়াস কী? ১

খ. কোনো বিষয়ে কুরআন ও হাদিসের বিধান না থাকলে সমাধানের উপায় কী? ২

গ. মিজানের শিক্ষক লটারিকে কেন নিষিদ্ধ বলে আখ্যায়িত করলেন? বুঝিয়ে লেখ। ৩

ঘ. 'অতিরিক্ত ধার্মিকতা' বিষয়টি তোমার দৃষ্টিতে মূল্যায়ন কর। ৪

https://teachingbd24.com

ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৫ | ০ |

সময় — ৩০ মিনিট

**বহুনির্বাচনি অভীক্ষা**

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: — সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **মক্কি সুরার প্রতিটি সুরাতে বিভিন্ন বিষয়ের কোনটির মাধ্যমে বিশেষ দৃষ্টি আকর্ষণের প্রচেষ্টা রয়েছে?**
ⓚ উদাহরণ পেশের ⓚ শপথ করার
ⓖ ভূমিকা উপস্থাপনের
ⓖ বৈশিষ্ট্য তুলে ধরার

২. **বায়তুল মামুরের অপর নাম কোনটি?**
ক) লাওহে মাহফুজ খ) সুরক্ষিত ফলক
গ) বায়তুল ইজ্জাহ ঘ) বায়তুল্লাহ

৩. المرء على دين خليله فلينظر احدكم من يخالل **-এ হাদীসের মর্মার্থ হলো—**
i. চরিত্রবান বন্ধু নির্বাচন
ii. বন্ধুর অধিকার সংরক্ষণ
iii. বন্ধুর মর্যাদার প্রতি গুরুত্বারোপ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৪. **সিহাহ সিত্তার অন্তর্গত হাদিস গ্রন্থ কয়টি?**
ক) পাঁচটি খ) ছয়টি
গ) সাতটি ঘ) আটটি

৫. **ইজমা প্রদানকারীকে কোনটি থেকে বিরত থাকতে হবে?**
ক) কুরআনের অনুসরণ
খ) খেয়াল-খুশির অনুসরণ
গ) হাদিসের অনুসরণ
ঘ) গবেষণালব্ধ সিদ্ধান্তের

**নিচের উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও:**
যাদবপুর উপজেলার গণি মিয়া মদ পান করে এবং সেই সাথে মদের ব্যবসাও করে। অন্যদিকে একই এলাকার জনাব ফিরোজ মিয়া মদ প্রস্তুত করে এবং মদ বহনে সহায়তা করে।

৬. **গণি মিয়ার এসব কাজ ইসলামের দৃষ্টিতে কী?**
ক) হারাম খ) মাকরুহ
গ) মানদুহ ঘ) ওয়াজিব

৭. **হাদিসের আলোকে ফিরোজ মিয়ার এরূপ কাজের পরিণতি কী?**
ক) আল্লাহর অভিশাপ খ) মানুষের বদনাম
গ) সমাজের কটূক্তি ঘ) পরিবারের অশান্তি

৮. **পরোক্ষ ওহি কোনটি?**
ক) কুরআন খ) হাদিস
গ) ইজমা ঘ) কিয়াস

৯. **মানুষের মৃত্যুর পরেও কয় ধরনের আমলের সুযোগ নিঃশেষ হয় না?**
ক) তিন ধরনের খ) চার ধরনের
গ) পাঁচ ঘ) ছয়

১০. **সর্বপ্রথম বিশুদ্ধ হাদিসের কিতাব সংকলন করেন কে?**
ক) ইমাম আবু হানিফা খ) ইমাম মালিক
গ) ইমাম শাফেয়ী ঘ) ইমাম বুখারী

১১. **সনদ কী?**
ক) বর্ণনার সূত্র খ) ঘটনার সূত্রপাত
গ) পারস্পরিক সুসম্পর্ক
ঘ) বিশেষ বন্ধন

১২. **রাষ্ট্রীয় উদ্যোগে প্রথম হাদিস সংকলন করেন কে?**
ক) হযরত আমর ইবনুল আস
খ) ওমর ইবনে আব্দুল আজীজ
গ) আব্দুল্লাহ ইবনে যুবায়ের
ঘ) হাজ্জাজ বিন ইউসুফ

১৩. صعم بكم عمى فهم لايرجعون **আয়াতে কাদের কথা বলা হয়েছে?**
ক) কুরাইশ খ) বনি ইসরাঈল
গ) মুনাফিক ঘ) কাফির

১৪. **কোনটির অর্থ—নিরাশ ও বঞ্চিত হওয়া?**
ক) ইবলিশ খ) শয়তান
গ) ফেরাউন ঘ) আযাযিল

১৫. **ফেরেশতাগণ মানব সৃষ্টির বিরোধিতা করেছিলেন—**
i. মানব রক্তপাত ঘটাবে বলে
ii. মানবের প্রতি বিদ্বেষ বশত
iii. আল্লাহর রহস্য বুঝতে অক্ষম বলে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৬. **রিজওয়ান সাহেব আল্লাহর ভয়ে সকাল-সন্ধ্যা পানাহার ও সবরকম খারাপ কাজ থেকে নিজেকে বিরত রাখলেন। তাঁর এ কাজের ফলে—**
i. অনাহারীর ক্ষুধার জ্বালা উপলব্ধি করা সম্ভব
ii. আল্লাহর বিধান মেনে চলা সম্ভব
iii. অভাবীদের দুঃখ কষ্ট অনুভব করা সম্ভব
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

https://teachingbd24.com

১৭. ★ ইসলামের কোন রুকনটি আমাদের একতাবদ্ধ হয়ে কাজ করার শিক্ষা দেয়?
ⓚ সালাত ⓚ জাকাত
ⓖ সাওম ⓖ হজ

১৮. ফিকহশাস্ত্রের প্রাথমিক যুগকে কী হিসাবে আখ্যায়িত করা হয়?
ⓚ গবেষণা ও সংকলনের যুগ
ⓚ পূর্ণতা ও তাকলিদের যুগ
ⓖ নিরেট তাকলিদের যুগ
ⓖ আধুনিক যুগ

১৯. কিয়াস হলো আইনের বিস্তৃতি— মতটি কে প্রকাশ করেছেন—
ⓚ ইমাম মালিক (র) ⓚ ইমাম শাফেয়ি (র)
ⓖ ইমাম আবু হানিফা (র)
ⓖ ইমাম আহমদ (র)

২০. কিয়াস ইসলামী শরীয়তের উৎস হওয়ায় ইসলাম—
i. যুগোপযোগী হয়েছে
ii. গতিশীল জীবনাদর্শ হয়েছে
iii. সংকীর্ণ বিধানে রূপান্তরিত হয়েছে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও:**
মারজান লাইব্রেরিতে গিয়ে শরিয়তের বিভিন্ন হুকুম আহকাম সম্পর্কিত একটি গ্রন্থ অধ্যয়ন করে। এই বই তাকে বর্তমান যুগের সবচেয়ে গ্রহণযোগ্য মাযহাব সম্পর্কে ধারণা প্রদান করে।

২১. মারজানের পঠিত বইটি কোন মাযহাব সম্পর্কে ধারণা দেয়?
ⓚ হাম্বলি ⓚ মালেকি
ⓖ শাফেয়ি ⓖ হানাফি

২২. উক্ত মাযহাব অনুসরণের মাধ্যমে মারজান—
i. কল্যাণ অর্জনে সক্ষম হবে
ii. আইন সম্পর্কিত বিধি-বিধান জানবে
iii. ইসলামের মৌলিক বিধি-বিধান জানবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৩. শামীম নিয়মিত তার জমিগুলো বর্গা দেয় এবং চুক্তি অনুসারে ফসল পায়। কারণ সে জানে ইজমার মাধ্যমে এটি বৈধ হয়েছে। সে কোন ইজমার ভিত্তিতে জমি বর্গা দেয়?
ⓚ কর্মমূলক ⓚ বিবৃতিমূলক
ⓖ নীরবতামূলক ⓖ যৌনতামূলক

২৪. বাহ্যিক দিকের বিধি-বিধানকে কী বলা হয়?
ⓚ শরিয়ত ⓚ তাসাউফ
ⓖ হাকিকত ⓖ মারেফত

২৫. হারুন সাহেব একজন জ্ঞানী শিক্ষক। তিনি ধৈর্যের সাথে হাজারো শিক্ষার্থীকে শিক্ষা দেন। সরকার তাকে বিভিন্ন সুযোগ-সুবিধা দিলেও তিনি তা গ্রহণ করেন না। হারুন সাহেবের মধ্যে কোন ব্যক্তির চারিত্রিক বৈশিষ্ট্যের প্রতিফলন লক্ষণীয়?
ⓚ ইমাম আবু হানিফা (র)
ⓚ আব্দুল কাদির জিলানী (র)
ⓖ বাহাউদ্দিন নকশবন্দ
ⓖ আহমদ সিরহিন্দি (র)

২৬. দৃষ্টিশক্তিতে পর্দা পড়ার মাধ্যমে কোন বিষয়টি ফুটে ওঠেছে?
ⓚ চোখ অন্ধ হয়ে যাওয়া
ⓚ ভালো দেখার নৈতিক চরিত্র হারিয়ে ফেলা
ⓖ চোখ রোগাক্রান্ত হওয়া
ⓖ চোখের উপর বাস্তবিকই একটি আবরণ দেওয়া

২৭. "এ কিতাবে আমি কোনোকিছু লিপিবদ্ধ করা বাকি রাখিনি"— এ আয়াতে কুরআনের কোন বিষয়ের প্রতি ইঙ্গিত করা হয়েছে?
ⓚ বিশুদ্ধতার প্রতি ⓚ পূর্ণাঙ্গতার প্রতি
ⓖ তিলাওয়াতের ফজিলত
ⓖ ভাষার লালিত্য

২৮. শানে নুজুল এর অপর নাম কী?
ⓚ অবস্থা ⓚ পটভূমি
ⓖ মর্যাদা ⓖ সববে নুযুল

২৯. কোন খলিফা সর্বপ্রথম রাষ্ট্রীয়ভাবে কুরআন সংকলনের উদ্যোগ নেন?
ⓚ হাজ্জাজ বিন ইউসুফ
ⓚ হযরত ওমর (রা)
ⓖ হযরত ওসমান (রা)
ⓖ হযরত আবু বকর (রা)

৩০. سبحانك শব্দের অর্থ কী?
ⓚ আপনার প্রশংসা করি
ⓚ আপনার অনুগ্রহে আছি
ⓖ আপনি পূতঃ পবিত্র
ⓖ আপনার রহমত চাই

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | গ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | খ | ৬ | ক | ৭ | ক | ৮ | খ | ৯ | ক | ১০ | খ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | গ |
| | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | গ |

Teachingbd24.com